# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ফিন্যান্স ও ব্যাংকিং

**সৃজনশীল প্রশ্ন** বিষয় কোড: | ১ | ৫ | ২ |

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ৩টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ: ফিন্যান্স

**১.▶** জনাব রাকিব সিলেটের সুবিধবাজার এলাকায় মনিহারি দ্রব্যের একজন ব্যবসায়ী। কিন্তু এলাকায় এমন দোকানের সংখ্যা বেশি হওয়ায় তিনি প্রত্যাশিত মুনাফা অর্জন করতে পারছেন না। তাই তিনি মনিহারি দ্রব্যের পাশাপাশি দোকানে মোবাইল রিচার্জিং ও মোবাইল ব্যবসায় শুরু করেন এবং লাভবান হন।

ক. আধুনিক অর্থায়নের যাত্রা শুরু হয় কখন? ১

খ. তারল্য বনাম মুনাফা নীতি বলতে কী বোঝায়? ২

গ. জনাব রাকিব কোন নীতি অবলম্বনের মাধ্যমে লাভবান হন? ব্যাখ্যা করো। ৩

ঘ. বৃহদায়তন কারবারি প্রতিষ্ঠানের তুলনায় জনাব রাকিবের ব্যবসায়ের অর্থায়ন অনেকটাই সরল— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**২.▶** মি. করিম অবসর গ্রহণের পর প্রাপ্ত ২৫,০০,০০০ টাকা 'ক' ব্যাংকে ১০ বছরের জন্য স্থায়ীভাবে হিসাবে রাখার সিদ্ধান্ত নেন। 'ক' ব্যাংক তাকে ১২% হারে সুদ দিবে বলে জানায়। অপর দিকে 'খ' ব্যাংক একই টাকার জন্য ১২.৫% হারে মাসিক চক্রবৃদ্ধিতে সুদ দিবে বলে জানায়।

ক. সুযোগ ব্যয় কী? ১

খ. বৈচিত্রায়ন নীতিটি ব্যাখ্যা করো। ২

গ. মি. করিম ১০ বছর পর 'ক' ব্যাংক থেকে কত টাকা পাবে? নির্ণয় করো। ৩

ঘ. মি. করিমের জন্য কোন ব্যাংকে টাকা রাখা অধিক যুক্তিযুক্ত? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

**৩.▶** জনাব মুরাদ একজন বিনিয়োগকারী। তিনি নিম্নোক্ত দুটি প্রকল্পের যেকোনো একটিতে বিনিয়োগ করতে আগ্রহী। প্রকল্পদ্বয়ের বিগত বছরের

Teachingbd24.com

আয়ের হার নিম্নরূপ:

| প্রকল্প | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম |
|---|---|---|---|---|---|
| 'A' | ১৫% | ২৫% | -৫% | ২০% | ১৫% |
| 'B' | ১৫% | ৩০% | ৩০% | ১৫% | ০% |

ক. ঝুঁকি কী? ১

খ. দায় পরিশোধের অক্ষমতা থেকে কোন ঝুঁকির সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২

গ. 'A' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩

ঘ. জনাব মুরাদের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত বলে তুমি মনে করো? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

**৪.▶** জনাব মিঠু একটি প্রকল্প গ্রহণ করেছেন। প্রকল্পটির প্রাথমিক বিনিয়োগ ৫০,০০০ টাকা এবং অবশিষ্ট মূল্য ১০,০০০ টাকা। অবচয় পূর্ব ও কর প্রদানের পূর্বে উক্ত প্রকল্প থেকে প্রথম থেকে পঞ্চম বছর পর্যন্ত যথাক্রমে ১০,০০০ টাকা, ১২,০০০ টাকা, ১৪,০০০ টাকা, ১৬,০০০ টাকা এবং ২০,০০০ টাকা পাওয়া যাবে। করের হার ২০%। জনাব মিঠু সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করেন।

ক. প্রকল্প কী? ১

খ. মূলধন বাজেটিং অনুমান নির্ভর কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মিঠুর গড় মুনাফার হার কত? নির্ণয় করো। ৩

ঘ. উক্ত প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৪

**৫.▶** একটি কোম্পানির ঋণকৃত মূলধন ১,০০,০০০ টাকা ও সাধারণ শেয়ার মূলধন ১৪,০০০ টাকা। ঋণকৃত মূলধনের সুদের হার ১৫%। কর হার ৩০%। সাধারণ শেয়ারেরর বাজার মূল্য ২০০ টাকা। কোম্পানি এ বছর সাধারণ শেয়ার মালিকদের প্রতি শেয়ারে ১৫ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং অতীতের কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৫% হারে বৃদ্ধি পেয়েছে।

ক. সংরক্ষিত আয় কী? ১

খ. কাম্য ঋণনীতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে প্রদত্ত কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে প্রদত্ত কোম্পানির গড় মূলধন ব্যয় নির্ণয় করো। ৪

https://teachingbd24.com

৬.▶ নিলা ও শিলা ঢাকা স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত একটি কোম্পানি থেকে দুইজন দুই রকমের শেয়ার ক্রয় করেছে। নিয়ম অনুযায়ী নিলা কোম্পানি পরিচালনায় অংশ নিতে পারে এবং ভোটাধিকার আছে। অপর দিকে শিলা নির্দিষ্ট হারে মুনাফা পায়।

ক. বন্ড কী? ১
খ. সঞ্চিত তহবিল বলতে কী বোঝায়? ২
গ. নিলা কোন ধরনের শেয়ার ক্রয় করছে? উক্ত শেয়ারের সুবিধাগুলো বর্ণনা করো। ৩
ঘ. শিলার শেয়ারের ধরন কোনটি? নিলা ও শিলার ক্রয়কৃত শেয়ারের তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

## খ বিভাগ: ব্যাংকিং

৭.▶ABC ব্যাংক বাংলাদেশ ব্যাংকের তালিকাভুক্ত একটি ব্যাংক। ব্যাংকটির প্রবৃদ্ধির হার সন্তোষজনক। ব্যাংকটি মক্কেলদের বিশ্বস্ততা খুব অল্প দিনেই অর্জন করতে সক্ষম হয়েছে। ABC ব্যাংকের শাখা সম্প্রসারণের মাধ্যমে আমানত গ্রহণ ও ঋণ প্রদান করে মক্কেলদের আমানতের নিরাপত্তা ও আস্থা অর্জনের মাধ্যমে এগিয়ে যাচ্ছে।

ক. বাংলাদেশে কোন ধরনের ব্যাংক ব্যবস্থা প্রচলন নেই? ১
খ. সুনামের নীতি বলতে কী বোঝায়? ২
গ. ABC ব্যাংক কী কী নিয়ে সামনে এগিয়ে যাচ্ছে? বর্ণনা করো। ৩
ঘ. মক্কেলদের আমানতের নিরাপত্তার মাধ্যমে ABC ব্যাংক কোন নীতিটি পালন করছে? বিশ্লেষণ করো। ৪

৮.▶ জনাব আশরাফ একজন ব্যবসায়ী। সম্প্রতি তিনি নতুন একজন আমদানিকারকের কাছ থেকে পণ্য ক্রয়ের প্রস্তাব পেলেন। কিন্তু নতুন ক্রেতা বলে তিনি সিদ্ধান্তহীনতায় ভুগছিলেন। এমন সময় ব্যাংক থেকে নিশ্চয়তা পেয়ে তিনি পণ্য রপ্তানি করতে সম্মত হলেন।

ক. বাণিজ্যিক ব্যাংকের পরোক্ষ উদ্দেশ্যটি কী? ১
খ. নিকাশ ঘর কী? ব্যাখ্যা করো। ২
গ. ব্যাংকের কোন প্রকারের নিশ্চয়তা পেয়ে জনাব আশরাফ রপ্তানি করার সিদ্ধান্ত নিলেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব আশরাফ সিদ্ধান্তহীনতায় ভোগার কারণ মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

৯.▶ মিসেস রাবেয়া আক্তার একজন বেসরকারি চাকরিজীবী। তিনি বেতন থেকে কিছু পরিমাণ অর্থ মাঝে মাঝে তার ব্যাংক হিসাবে জমা করেন। কয়েক বছর পর তিনি ব্যাংক হিসাবে জমানো টাকাগুলো একত্রে অন্য একটি ব্যাংক হিসাবে আরো লাভজনক খাতে দীর্ঘমেয়াদের ভিত্তিতে রাখা যায় কিনা তা ভাবলেন। সে মোতাবেক তিনি ব্যাংকের সাথে যোগাযোগ করে একটি অধিক লাভজনক ব্যাংক হিসাবে জমা রাখার পরামর্শ পেয়েছেন।

ক. আমানত কী? ১

খ. রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাব কী? ২

গ. উদ্দীপকে মিসেস রাবেয়া আক্তার প্রথমে কোন ধরনের ব্যাংক হিসাব খুলে ছিলেন? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত মিসেস রাবেয়া আক্তারের দ্বিতীয় পর্যায়ে হিসাব খোলার সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

১০.▶ জনাব আদনান তার স্ত্রীকে ৫০,০০০ টাকা চেক প্রদান করেন। শারীরিক অসুস্থতার কারণে তার স্ত্রী ছোট ছেলেকে ব্যাংকে টাকা উত্তোলনের জন্য পাঠায়। রাস্তার বখাটে ছেলেদের দেখে ছেলেটির পিলে চমকে উঠে। ব্যাংকে গেলে ব্যাংক কর্মকর্তা ছেলেটিকে বলে এমতাবস্থায় চেকের বাম কোণে আড়াআড়ি ২টি দাগ দিলেই তুমি নিরাপদ।

ক. দেশের নোট ও মুদ্রা প্রচলনের ক্ষমতাপ্রাপ্ত একমাত্র প্রতিষ্ঠান কোনটি? ১

খ. চেকে দাগ-কাটা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আদনান তার স্ত্রীকে কোন ধরনের চেক প্রদান করেছেন? বর্ণনা করো। ৩

ঘ. ব্যাংক কর্মকর্তার পরামর্শ কতটুকু গ্রহণযোগ্য? তোমার মতামত দাও। ৪

১১.▶ 'খ' ব্যাংকে কর্মরত জনাব করিম সাহেব ঈদের জন্য ব্যাংক থেকে নতুন টাকার নোট আনলে তার মেয়ে সব টাকার নোটের উপর 'ক' ব্যাংকের নাম লেখা কেন তা জানতে চায়।

ক. বাংলাদেশ ব্যাংকের প্রধান নির্বাহী কে? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে ঋণের সর্বশেষ আশ্রয়স্থল বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. 'ক' ব্যাংক কী ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে 'ক' ব্যাংকের ভূমিকা মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

# ফিন্যান্স ও ব্যাংকিং

সময়— ৩০ মিনিট   পূর্ণমান— ৩০

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৫ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. বিভিন্ন উৎস থেকে সংগৃহীত তহবিলের ব্যয়কে কী বলে?**
ক চলতি ব্যয়   খ স্থায়ী ব্যয়
গ মূলধন ব্যয়   ঘ উৎপাদন ব্যয়

**২. যুক্তরাষ্ট্রকে কীসের চারণভূমি বলা হয়?**
ক অর্থনীতির   খ অর্থায়নের
গ ব্যবসায়ের   ঘ বিপণনের

**৩. বিশ্বব্যাংক কোন জাতীয় অর্থায়নের সাথে জড়িত?**
ক অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়ন
খ পারিবারিক অর্থায়ন
গ সরকারি অর্থায়ন
ঘ আন্তর্জাতিক অর্থায়ন

**৪. জমাতিরিক্ত উত্তোলনের মাধ্যমে অর্থ-সংস্থান করতে পারে—**
i. একমালিকানা ব্যবসায়
ii. অংশীদারি ব্যবসায়
iii. কোম্পানি সংগঠন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

**৫. ভবিষ্যৎ বিক্রয়ের বিপরীতে অগ্রিম গ্রহণ করা হয় কেন?**
ক স্থায়ী খরচ নির্বাহের জন্য
খ দৈনন্দিন খরচ নির্বাহের জন্য
গ স্থায়ী সম্পদ অর্জনের জন্য
ঘ নতুন খাতে বিনিয়োগের জন্য

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. মাহের 'সপ্তা' ব্যাংকের কাছে ৫০,০০০ টাকা জমা রাখেন যার সুদের হার ১০%। ফলে তার আগামী বছরে ৬০,০০০ টাকার সমান মূল্য বহন করবে।

**৬. মি. মাহের-এর কোন টাকাকে বর্তমান মূল্য বলা যাবে?**
ক ৫০,০০০   খ ৫৫,০০০
গ ৬০,০০০   ঘ ৬৫,০০০

**৭. উদ্দীপকে উল্লেখিত ভবিষ্যৎ মূল্য হচ্ছে—**
i. ৫৫,০০০ টাকা   ii. ৫০,০০০ টাকা
iii. ৬০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

**৮. ঝুঁকি হ্রাস করা যায়—**
i. সঠিক পরিকল্পনার মাধ্যমে
ii. প্রতিষ্ঠানের ব্যয় কমিয়ে
iii. বিভিন্ন কৌশল অবলম্বন করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

**৯. প্রত্যাশিত আয় থেকে প্রকৃত আয়ের কোন উপাদানটি বেশি হলে ঝুঁকি বাড়ে?**
ক অনিশ্চয়তা   খ বিচ্যুতি
গ আয়   ঘ ব্যয়

**১০. কোন ঝুঁকির কারণে কোম্পানির খুব দ্রুত বিলোপসাধন হতে পারে?**
ক ব্যবসায়িক ঝুঁকি   খ আর্থিক ঝুঁকি
গ সুদ হারের ঝুঁকি   ঘ তারল্য ঝুঁকি

**১১. নতুন পণ্য বাজারে ছাড়ার আগে যে সকল বিষয় যাচাই করতে হয়—**
i. বাজার চাহিদা   ii. সম্ভাব্য আয়
iii. উৎপাদন খরচ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

**১২. মূলধন বাজেটিং পদ্ধতি নির্বাচন করতে হয়—**
i. নগদ প্রবাহ প্রাক্কলনের পর
ii. বাট্টার হার নির্ধারণের পর
iii. বহিঃপ্রবাহ নির্ধারণের পর
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

**১৩. X কোম্পানি ১০০ টাকার লিখিত মূল্যের শেয়ারের বাজার মূল্য ১৫০ টাকা। শেয়ারের প্রত্যাশিত লভ্যাংশ ১৫% হলে মূলধন ব্যয় কত?**
ক ৮%   খ ১০%
গ ১২%   ঘ ১৫%

**১৪. কোম্পানির অবন্টিত মুনাফা থেকে কোনটির উৎপত্তি হয়?**
ক বোনাস শেয়ার   খ রাইট শেয়ার
গ বিলম্বিত শেয়ার   ঘ প্রবর্তকের শেয়ার

**১৫. বাংলাদেশে কয়টি স্টক এক্সচেঞ্জ রয়েছে?**
ক ২   খ ৩
গ ৪   ঘ ৫

Teachingbd24.com

১৬. বর্তমান কোন ধরনের মুদ্রার সীমিত প্রচলন রয়েছে?
ক স্বর্ণ খ রৌপ্য
গ ধাতব ঘ কাগজি

১৭. কোন যুগে লম্বা টুল বা বেঞ্চে বসে অর্থের ব্যবসায় করা হতো?
ক মধ্যযুগে খ প্রাচীন যুগে
গ আধুনিক যুগে ঘ টারশিয়ারি যুগে

১৮. কোন ক্ষেত্রে ব্যাংক বিশেষায়নের নীতি অনুসরণ করে থাকে?
ক নোট ইস্যু খ ঋণ প্রদান
গ গ্রাহক সেবা ঘ আমানত গ্রহণ

১৯. ব্যাংক কর্তৃক প্রাপ্ত সুদ ও প্রদত্ত সুদের পার্থক্যকে কী বলে?
ক আমানত খ মুনাফা
গ তারল্য ঘ সঞ্চয়

২০. প্রত্যয়নপত্র কার অনুকূলে ইস্যু করা হয়?
ক ব্যাংক খ সরকার
গ রপ্তানিকারক ঘ আমদানিকারক

২১. বাণিজ্যিক ব্যাংক প্রতিনিধি হিসেবে কাজ করে কী পায়?
ক মজুরি খ সুদ
গ বাট্টা ঘ কমিশন

২২. মুদ্রাবাজার নিয়ন্ত্রণে বাণিজ্যিক ব্যাংকের ভূমিকা হলো—
i. সরকারকে সহায়তা করা
ii. কেন্দ্রীয় ব্যাংকের সাথে কাজ করা
iii. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।
মি. শফিক ব্যাংক হিসাব খুলেছেন। এ হিসাব খোলার মধ্য দিয়ে তার যেমন কিছু অধিকার সৃষ্টি হয়েছে তেমনি কিছু দায়িত্বও সৃষ্টি হয়েছে।

২৩. হিসাব খোলার মাধ্যমে আইনগতভাবে মি. শফিক এর সাথে ব্যাংকের কীরূপ সম্পর্ক সৃষ্টি হয়েছে?
ক ব্যবসায়িক সম্পর্ক
খ চুক্তিবন্ধ সম্পর্ক
গ ডেটর-ক্রেডিটর সম্পর্ক
ঘ ব্যাংক গ্রাহক সম্পর্ক

২৪. মি. শফিক দায়িত্ব পালন করতে পারে—
i. সততার পরিচয় দিয়ে
ii. সময়মত ঋণ পরিশোধ করে
iii. সুদ ছাড়া আসল প্রদান করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. সুসংগঠিত মুদ্রাবাজার গঠন কোন ব্যাংকের অন্যতম উদ্দেশ্য?
ক বিনিময় ব্যাংক খ কেন্দ্রীয় ব্যাংক
গ বিনিয়োগ ব্যাংক ঘ বাণিজ্যিক ব্যাংক

২৬. ব্যাংক এবং তার গ্রাহকের সম্পর্ক অবসান হয়—
i. দেউলিয়া ঘোষণা করা হলে
ii. অল্প টাকার লেনদেন করলে
iii. গারনিশি অর্ডার জারি করা হলে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. 'প্রীতম ব্যাংকের' মিয়াবাড়ি শাখায় ভোল্ট থেকে টাকা উধাও। এর ফলে ব্যাংকের প্রতি গ্রাহকদের মনোভাব কী?
ক অক্ষমতা
খ আস্থাহীনতা
গ প্রশাসনিক দুর্বলতা
ঘ সম্পত্তি সংরক্ষণে অপারগতা

২৮. বাজারে ঋণের পরিমাণ বেড়ে গেলে বা ঘাটতির ফলে অর্থনীতির কী অবস্থার সৃষ্টি হয়?
ক তেজিভাব দেখা দেয়
খ মুদ্রার মান কমে যায়
গ অর্থনীতির ভারসাম্য নষ্ট হয়
ঘ দ্রব্যমূল্য বৃদ্ধি পায়

২৯. বাণিজ্যিক ব্যাংক ও কেন্দ্রীয় ব্যাংকের মধ্যে কে বিশেষ সম্পর্ক সৃষ্টি করে?
ক সরকার খ জনগণ
গ গ্রাহক ঘ নিকাশ ঘর

৩০. মুদ্রা বিনিয়োগকারীদের জন্য বিশেষ গুরুত্ব বহনকারী ব্যাংক হিসাব কোনটি?
ক ডিপোজিট পেনশন স্কিম হিসাব
খ ফরেন ডিপোজিট হিসাব
গ বৈদেশিক মুদ্রা হিসাব
ঘ স্থায়ী হিসাব

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | খ | ৯ | খ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ক |

https://teachingbd24.com